গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
www.singra.natore.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০৯.১৮.০০১.২১-৭৬ তারিখ ঃ ২৬ জানুয়ারি, ২০২৩

সিংড়া উপজেলাধীন হাট-বাজারের দরপত্র বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-১ (১ম পর্যায় হতে ৩য় পর্যায় পর্যন্ত)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিংড়া উপজেলাধীন হাট-বাজারসমূহ নিম্ন উল্লিখিত তফসিল মোতাবেক ১৪৩০ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩০ বাংলা সন পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহণে আগ্রহী ব্যক্তি/ইজারাদার/ব্যবসায়ীকগণের নিকট হতে শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল জেলা প্রশাসক, নাটোর, মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, সিংড়া শাখা, থানা (পুলিশ ষ্টেশন, সিংড়া) ও অত্রাফিস হতে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে, নগদ অর্থে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ যথাযথভাবে পূরণ করে চাহিত কাগজপত্র ও নির্ধারিত ব্যাংক ড্রাফ্‌টসহ নির্ধারিত সময়সূচী অনুসারে সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত সময়ের মধ্যে বিনা ব্যর্থতায় জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া এর কার্যালয় এবং অত্রাফিসে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। কোন ক্রমেই নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র বিক্রয়/গ্রহণ করা হবে না। ঐ দিন (দরপত্র জমা করার শেষ দিন) বেলা ১.৩০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র গ্রহণের তারিখে কোন দরপত্র/সিডিউল ফরম বিক্রয় করা হবে না। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং www.singra.natore.gov.bd ওয়েব সাইট হতে দরপত্র/সিডিউল ফরম ডাউনলোডকৃত ফরম পূরণ করে সংশ্লিষ্ট হাটের সিডিউল মূল্য বাবদ উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া এর অনুকূলে অফেরৎযোগ্য পে-অর্ডার সংযুক্ত করে জমা করতে হবে। উল্লেখ্য যে, কর্তৃপক্ষ যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

হাট-বাজারের তালিকা ও তপসিল নিম্নরূপ:

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | হাটের অবস্থান (ইউ,পির নাম) | ১৪৩০ সালের জন্য স্থিরকৃত মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | বামিহাল হাট-বাজার | সুকাশ | ২৩,৭৪,০৪৬/- | ৫,৪০০/- |
| ০২. | দুর্গাপুর হাট | ,, | ২,৭৮,৬৭৪/- | ১,২০০/- |
| ০৩. | বোয়ালিয়া হাট | ,, | ৩,৯৬,৯৩৪/- | ১,৪০০/- |
| ০৪. | বিয়াশ হাট ও বাজার | ডাহিয়া | ১০,৫৮,২৬৮/- | ১,৮০০/- |
| ০৫. | বড়গাঁও হাট ও বাজার | ,, | ৪,৫৯,৮৬৩/- | ১,৮০০/- |
| ০৬. | ক্ষিরপোতা হাট ও বাজার | ,, | ৪২,৯৩০/- | ৫০০/- |
| ০৭. | ডাহিয়া হাট ও বাজার | ,, | ১,৫৩,৩৪৬/- | ১,২০০/- |
| ০৮. | কুমগ্রাম হাট ও বাজার | ইটালী | ৪,৭৭,০৩৫/- | ১,৬০০/- |
| ০৯. | বাঁশবাড়িয়া হাট ও বাজার | ,, | ৪,৮০,০০৩/- | ১,৬০০/- |
| ১০. | পাকুড়িয়া হাট ও বাজার | ,, | ৩,৯৪,০০২/- | ১,৪০০/- |
| ১১. | কলম হাট ও বাজার | কলম | ৯,৪১,৯৮৭/- | ২,০০০/- |
| ১২. | নূরপুর হাট ও বাজার | ,, | ১,৮৬,৭৩৭/- | ১,০০০/- |
| ১৩. | বিলদহর হাট ও বাজার | চামারী | ১৩,৩৮,১৮৩/- | ৩,৪০০/- |
| ১৪. | পাঙ্গাশিয়া হাট ও বাজার | ,, | ২,৫৮,৯৯৪/- | ১,২০০/- |
| ১৫. | হাতিয়ান্দহ হাট ও বাজার | হাতিয়ান্দহ | ২৭,০৮,৩০০/- | ৬,২০০/- |
| ১৬. | বড়সাঐল হাট ও বাজার | ,, | ৬৬,৬৩৯/- | ৫০০/- |
| ১৭. | ধুলিয়াডাঙ্গা হাট ও বাজার | ,, | ৪৬,৩২২/- | ৫০০/- |
| ১৮. | গুনাইখাড়া হাট ও বাজার | ,, | ১১,৫২,১০২/- | ৩,০০০/- |
| ১৯. | নলবাতা হাট ও বাজার | ,, | ৬৪,০৯৫/- | ৫০০/- |
| ২০. | পাছলাড়ুয়া হাট ও বাজার | ,, | ৬৪,৪৪৮/- | ৫০০/- |
| ২১. | শেরকোল হাট ও বাজার | শেরকোল | ২,১৫,৮৮৭/- | ১,২০০/- |
| ২২. | বন্দর হাট ও বাজার | ,, | ১,১৩,০৬৭/- | ১,২০০/- |
| ২৩. | নওগাঁ হাট ও বাজার | তাজপুর | ৩৫,৬১৬/- | ৫০০/- |
| ২৪. | তাজপুর হাট ও বাজার | ,, | ২৬,৩৬২/- | ৫০০/- |
| ২৫. | জামতলী হাট ও বাজার | চৌগ্রাম | ২৬,৭৩,১৪৩/- | ৬,০০০/- |
| ২৬. | কালিগঞ্জ হাট ও বাজার | ছাতারদিঘী | ১৭,৫৭,৪৮০/- | ৪,২০০/- |
| ২৭. | এখলাছপুর হাট ও বাজার | ,, | ৪,০১,৭৪০/- | ১,৬০০/- |
| ২৮. | বিনগ্রাম হাট ও বাজার | রাঃ খাজুরা | ১১,০৪,৬৯৭/- | ৩,০০০/- |
| ২৯. | বাদোপাড়া হাট ও বাজার | ,, | ১,২৮,০১৩/- | ১,০০০/- |
| ৩০. | থাঐল হাট ও বাজার | ,, | ৪,১৪,৩৫৪/- | ১,৬০০/- |

২৬/১/২৩

এম. এম. সামিরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর

## দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচী :

| ক্র: নং | পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | ১ম পর্যায় | ১৬/০২/২০২৩ খ্রিঃ, বিকেল ৪.০০ টা | ২২/০২/২৩ খ্রিঃ, বেলা ১.০০ টা | ২২/০২/২৩ খ্রিঃ,বিকেল ৩.০০ টা | (বিঃ দ্রঃ বর্ণিত সময়সূচী মোতাবেক ১ম পর্যায়ে যেসকল হাটের দরপত্র গৃহীত হবেনা বা দরপত্র পাওয়া যাবেনা ২য় পর্যায়ে শুধু সে সমস্ত হাট বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একইভাবে ৩য় বারের দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারী করা হবেনা)। |
| ০২. | ২য় পর্যায় | ২৭/০২/২০২৩ খ্রিঃ, বিকেল ৪.০০ টা | ০১/৩/২৩ খ্রিঃ, বেলা ১.০০ টা | ০১/৩/২৩ খ্রিঃ, বিকেল ৩.০০ টা | |
| ০৩. | ৩য় পর্যায় | ০৬/৩/২০২৩ খ্রিঃ, বিকেল ৪.০০ টা | ০৭/০৩/২৩খ্রিঃ, বেলা ১.০০ টা | ০৭/৩/২৩ খ্রিঃ, বিকেল ৩.০০ টা | |

(এম.এম. সামিরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭৬২-৬৯২১১৪
unosingra@mopa.gov.bd

২৬/১/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
www.singra.natore.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০৯.১৮.০০১.২১-৭৬

তারিখ ঃ ১২ মাঘ, ১৪২৯ / ২৬ জানুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, নাটোর।
০৪। পুলিশ সুপার, নাটোর।
০৫। সিভিল সার্জন, নাটোর।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর।

অনুলিপি অবগতি ও নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিংড়া, নাটোর।
১০। মেয়র, সিংড়া পৌরসভা, সিংড়া, নাটোর।
১১। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
১২। সহকারী কমিশনার (ভূমি), সিংড়া/নাটোর সদর/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
১৩। জেলা তথ্য অফিসার, নাটোর।
১৪। অফিসার ইনচার্জ, সিংড়া থানা, সিংড়া, নাটোর।
১৫। উপজেলা ..............................................................অফিসার, সিংড়া, নাটোর।
১৬। চেয়ারম্যান, সুকাশ/ডাহিয়া/ইটালী/কলম/চামারী/হাতিয়ান্দহ/লালোর/শেরকোল/চৌগ্রাম/ছাতারদিঘী/রামানন্দ খাজুরা ইউনিয়ন পরিষদ, সিংড়া, নাটোর।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................ (সকল) ইউনিয়ন ভূমি অফিস, সিংড়া, নাটোর। উক্ত বিজ্ঞাপনটি বহুল প্রচারপূর্বক জারীর প্রতিবেদন যথাসময়ে অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। বিজ্ঞাপন ম্যানেজার, ..................................................... উল্লেখিত বিজ্ঞপ্তিটি আগামী ০৫/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এক সংখ্যায় প্রকাশের জন্য এবং ৩ কপি পেপার কাটিং প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। পোস্ট মাস্টার, সিংড়া পোস্ট অফিস, সিংড়া, নাটোর।
২০। ইজারাদার .................................................... হাট-বাজার ১৪২৯ সন, সিংড়া, নাটোর।
২১। .................................................................................. সিংড়া, নাটোর।
২২। অফিস কপি।

# ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

০১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট ও বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ১০০% (শতভাগ) অর্থ ইজারা মূল্য হিসেবে এবং ৫% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর-এর অনুকূলে জমা দিতে হবে, অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর অবশ্যই পরিশোধ করতে হবে, অন্যথায় হাটবাজারের/বাজারের জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ/প্রদান করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর সংশ্লিষ্ট হাট-বজারের সরকারি মূল্যের চেয়ে কম হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর হাট/বাজারের নাম, দরপত্রদাতার নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। ১৪৩০ সনের জন্য সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে একাধিক দৃশ্যমান স্থানে টোলরেট/চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ/একই হলে লটারীর মাধ্যমে অথবা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(এম.এম. সামিরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭৬২-৬৯২১১৪
unosingra@mopa.gov.bd